পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

রেজিস্ট্রারের কার্যালয়

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (ইঞ্জিনিয়ারিং) ও স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং), স্নাতক (সম্মান), বিবিএ (প্রোগ্রাম) এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদী ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি.ফার্ম (প্রফেশনাল) কোর্সে ২০টি বিভাগে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০১। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের যোগ্যতাঃ

(ক) শুধুমাত্র ২০১৩ ও ২০১৪ সালের এসএসসি/সমমান এবং ২০১৫ ও ২০১৬ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) আবেদনের ন্যূনতম জিপিএ ও ভর্তির ক্ষেত্রে শর্তঃ

ইউনিট	আবেদনের ন্যূনতম জিপিএ/জিপি (৪র্থ বিষয়সহ) ও ভর্তির ক্ষেত্রে শর্ত
A1 এবং A2	এসএসসি+এইচএসসিঃ ৮.০, এসএসসিঃ ৩.৫, এইচএসসিঃ ৩.৫, পদার্থঃ ৩.৫, রসায়নঃ ৩.৫, গণিতঃ ৩.৫
B	এসএসসি+এইচএসসিঃ ৭.৫, এসএসসিঃ ৩.৫, এইচএসসিঃ ৩.৫ ভর্তির ক্ষেত্রে শর্তঃ গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন বিভাগে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে, পরিসংখ্যান বিভাগে ভর্তির ক্ষেত্রে গণিত/পরিসংখ্যান বিষয়ে এবং ফার্মেসি বিভাগে ভর্তির ক্ষেত্রে রসায়ন ও জীববিজ্ঞান বিষয়ে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৩.৫ থাকতে হবে।
C	মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপঃ এসএসসি+এইচএসসিঃ ৭.০, এসএসসিঃ ৩.০, এইচএসসিঃ ৩.০ বিজ্ঞান গ্রুপঃ এসএসসি+এইচএসসিঃ ৭.৫, এসএসসিঃ ৩.৫, এইচএসসিঃ ৩.৫

০২। ভর্তির জন্য নির্ধারিত অনুষদ, বিভাগ ও আসন সংখ্যাঃ

অনুষদ (বিভাগ সংখ্যা)	ইউনিট	বিভাগ (আসন সংখ্যা)
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (০৭)	A1	(ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৪০) (খ) ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (৪০) (গ) ইলেক্ট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (৪০) (ঘ) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (৪০) (ঙ) সিভিল ইঞ্জিনিয়ারিং (৪০) (চ) নগর ও অঞ্চল পরিকল্পনা (৪০)
	A2	(ক) স্থাপত্য (৩০) এবং A1 ইউনিটের সকল বিভাগ
বিজ্ঞান এবং জীব ও ভূ-বিজ্ঞান (০৬)	B	(ক) গণিত (৫০) (খ) পদার্থবিজ্ঞান (৪০) (গ) ফার্মেসি (৪০) (ঘ) রসায়ন (৪০) (ঙ) পরিসংখ্যান (৪০) (চ) ভূগোল ও পরিবেশ (৫০)
বিজনেস স্টাডিজ এবং মানবিক ও সামাজিক বিজ্ঞান (০৭)	C	(ক) ব্যবসায় প্রশাসন (৫০) (খ) অর্থনীতি (৫০) (গ) বাংলা (৫০) (ঘ) সমাজকর্ম (৫০) (ঙ) ইংরেজি (৫০) (চ) লোক প্রশাসন (৫০) (ছ) ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ (৫০)

০৩। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে A1, A2, B ও C ইউনিটে নিম্নবর্ণিত বিষয় সমূহের পাশে উল্লেখিত নম্বরের বিপরীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইউনিট	নম্বর বন্টন	মোট নম্বর
A1	পদার্থবিজ্ঞান ২৫; গণিত ২৫; রসায়ন ২৫; ইংরেজি ১৫	৯০
A2	পদার্থবিজ্ঞান ২৫; গণিত ২৫; রসায়ন ২৫; ইংরেজি ১৫; ড্রইং ৩০	১২০
B	পদার্থবিজ্ঞান ২৫; রসায়ন ২৫; ইংরেজি ১৫; গণিত/জীববিজ্ঞান ২৫	৯০
C (ব্যবসায় শিক্ষা)	একাউন্টিং ২৫; ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২৫; ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ২০; ইংরেজি ২০	৯০
C (মানবিক)	বাংলা ৩০; ইংরেজি ২৫; গণিত (সাধারণ) ১০; সাধারণ জ্ঞান ২৫	৯০
C (বিজ্ঞান)	বাংলা ২০; ইংরেজি ২০; গণিত ২৫; সাধারণ জ্ঞান ২৫	৯০

০৪। ভর্তির ক্ষেত্রে C ইউনিটের বিভাগসমূহে নিম্নোক্ত বন্টন অনুসারে ভর্তি করা হবেঃ

বিভাগ	আসন বন্টন			মোট আসন	বিভাগ	আসন বন্টন			মোট আসন
	মানবিক	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা			মানবিক	বিজ্ঞান	ব্যবসায় শিক্ষা	
ব্যবসায় প্রশাসন	০৫	১০	৩৫	৫০	বাংলা	১৫	২৫	১০	৫০
অর্থনীতি	১৫	২৫	১০	৫০	সমাজকর্ম	২৫	১৫	১০	৫০
ইংরেজি	২০	২০	১০	৫০	লোক প্রশাসন	২৫	১৫	১০	৫০
					ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ	২৫	১৫	১০	৫০

০৫। ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা পদ্ধতিঃ

(ক) বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ইউনিট	সময়	তারিখ
C	সকাল ০৯.৩০ থেকে সকাল ১০.৩০ (১ ঘন্টা)	২৩ ডিসেম্বর, ২০১৬ শুক্রবার
B	সকাল ১১.৩০ থেকে দুপুর ১২.৩০ (১ ঘন্টা)	
A1	বিকাল ০৩.৩০ থেকে বিকাল ০৪.৩০ (১ ঘন্টা)	
A2	বিকাল ০৩.৩০ থেকে বিকাল ০৫.০০ (১ ঘন্টা ৩০ মিনিট)	

(খ) ১০০ নম্বরের ভর্তি পরীক্ষার মধ্যে ৯০ নম্বর MCQ পরীক্ষা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল হতে (৪+৬)=১০ নম্বর যোগ হবে।

(গ) A2 ইউনিটের ক্ষেত্রে ৯০ নম্বর MCQ পরীক্ষা A1 ইউনিটের সাথে অভিন্ন প্রশ্নপত্রে একই সময়ে (বিকাল ০৩.৩০ থেকে বিকাল ০৪.৩০) অনুষ্ঠিত হবে।

(ঘ) MCQ পরীক্ষায় পাশ নম্বর ৩৬।

(ঙ) ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

০৬। আবেদনের সময় ও ফরমের মূল্যঃ

(ক) সময়সীমাঃ ২৫ অক্টোবর, ২০১৬ থেকে ২৪ নভেম্বর, ২০১৬।

(খ) ফরমের মূল্যঃ A1, B, C ইউনিট ৭০০ (সাতশত) টাকা এবং A2 ইউনিট ৮০০ (আটশত) টাকা (সার্ভিস চার্জসহ)।

০৭। ভর্তি পরীক্ষার ফল প্রকাশঃ ২৬ ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে।

০৮। আবেদনের নিয়মাবলীঃ

(ক) আবেদনের জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবেঃ

ধাপ ১: অনলাইনে pust.cloudonebd.com এর মাধ্যমে আবেদনপত্র পূরণ করুন এবং প্রাপ্ত Application ID সংরক্ষণ করুন

ধাপ ২: ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে *৩২২# ডায়াল করুন

ধাপ ৩: মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করুন

ধাপ ৪: আবার ১ সিলেক্ট করে বিল পেমেন্ট অপশনে যান

ধাপ ৫: পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিলার আইডি হিসেবে ২৫৩ টাইপ করুন

ধাপ ৬: ধাপ ১ থেকে প্রাপ্ত আপনার নির্ধারিত Application ID নম্বর টাইপ করুন

ধাপ ৭: পাবিপ্রবি কর্তৃক নির্ধারিত ফির পরিমান টাইপ করুন

ধাপ ৮: আপনার মোবাইল একাউন্টের পিন প্রদান করুন

ধাপ ৯: সফল পেমেন্টের এসএমএস হতে টিএক্সএন আইডি (Transaction ID) সংরক্ষণ করুন

ধাপ ১০: pust.cloudonebd.com ওয়েবসাইটে গিয়ে পেমেন্ট অপশনে আপনার Application ID (ধাপ ১-এ প্রাপ্ত) এবং Transaction ID (ধাপ ৯-এ প্রাপ্ত) দিয়ে সাবমিট করুন

(খ) প্রবেশপত্র ডাউনলোড এর সময়সীমা ওয়েবসাইটে www.pust.ac.bd জানিয়ে দেওয়া হবে।

(গ) কোটায় আবেদনকারীর ক্ষেত্রে অনলাইনে আবেদনের ৩য় ধাপে কোটা অপশন সিলেক্ট করতে হবে।
নির্দিষ্ট কোটাসমূহ: মুক্তিযোদ্ধা কোটা (মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান), শারীরিক প্রতিবন্ধী কোটা এবং উপজাতি/আদিবাসী কোটা ।

(ঘ) GCE O এবং A লেভেল পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় আবেদন করতে চাইলে তাদেরকে সরাসরি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।

(ঙ) অসম্পূর্ণ/ভুল তথ্য থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়ঃ

(ক) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

(খ) ভর্তি পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে অবশ্যই ওয়েবসাইট pust.cloudonebd.com থেকে Application ID এর মাধ্যমে সংগ্রহকৃত প্রবেশপত্রের দুই কপি নির্ধারিত জায়গায় স্বাক্ষর করে সংগে আনতে হবে।

(গ) ভর্তি পরীক্ষার সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ইনভিজিলেটর পরীক্ষার হলে পরীক্ষার্থী কর্তৃক আনীত দুইটি প্রবেশপত্রের একটি সংরক্ষণ করবে।

(ঘ) বৃত্ত ভরাটের ক্ষেত্রে অবশ্যই কালো বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে।

(ঙ) পরীক্ষা কক্ষে মোবাইল ফোন এবং সকল প্রকার ক্যালকুলেটর ও ইলেক্ট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

(চ) পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার বিশ (২০) মিনিট পূর্বে সিট প্ল্যান অনুযায়ী নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। নির্ধারিত আসন ব্যতিত কোনভাবেই পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

১০। ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলী www.pust.ac.bd এবং pust.cloudonebd.com ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সংশ্লিষ্ট অনুষদের ডিন অফিস থেকে জানা যাবে।

অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়